প্রবাসী কল্যাণ ব্যাংক

প্রধান কার্যালয়, ঢাকা।

কেন্দ্রীয় হিসাব বিভাগ

"মুজিববর্ষের সেবা নিন,
প্রবাসী কল্যাণ ব্যাংকের সহজ ঋণ।"

সার্কুলার নং-৬৭/২০২০

তারিখ: ২৫.০৩.২০২০

বিষয় ঃ ২০১৯-২০২০ অর্থ বছরের ৩য় ত্রৈমাসিক সুদ হিসাবায়ন সংক্রান্ত।

প্রবাসী কল্যাণ ব্যাংকের ঋণ বিতরণ ও পরিচালনা ম্যানুয়ালে ত্রৈমাসিক (ডিসেম্বর, মার্চ, জুন, সেপ্টেম্বর) ভিত্তিতে সুদ হিসাবায়নের নির্দেশনা দেওয়া আছে সে মোতাবেক ২০১৯-২০২০ অর্থবছরের ৩য় ত্রৈমাসিক সুদ হিসাবায়নের নিমিত্তে আগামী ৩১.০৩.২০২০ তারিখ ভিত্তিক সকল ঋণের উপর সমাপ্য ৩য় ত্রৈমাসিক সুদ হিসাবায়ন ৩১.০৩.২০২০ তারিখে সমাপন করতে হবে। সুদ হিসাবায়নের কাজ যথাযথ ও নির্ভুলভাবে সম্পাদনের সুবিধার্থে কর্তৃপক্ষ নিম্নোক্ত নির্দেশনা প্রদান করেছেন ঃ

২.০ অভিবাসী ঋণ হিসাব ঃ এতদ্‌বিষয়ে পরিচালনা পর্ষদ কর্তৃক অনুমোদিত ঋণ বিতরণ ও পরিচালনা ম্যানুয়াল-এ বর্ণিত গাইডলাইন অনুসরণ করতে হবে। অভিবাসী ঋণ যে সময়ে যে হারে প্রদান করা হয়েছিল উক্ত অভিবাসী ঋণের সুদ সেই হারে ফ্লাট হারে হিসাবায়ন করতে হবে। এছাড়া মেয়াদোত্তীর্ণ ঋণের উপর অতিরিক্ত ৩% হারে সুদ হিসাবায়ন করতে হবে। যে সকল ঋণ সম্পূর্ণ আদায় হয়েছে কিন্তু software এ close/বন্ধ করা হয়নি সেই সকল ঋণ ৩১.০৩.২০২০ তারিখের মধ্যে close account এ যেয়ে অবশ্যই বন্ধ করতে হবে। যে সকল ঋণের বিপরীতে মামলা দায়ের করা হয়েছে এবং Bad & Loss ঋণ সমুহের উপর সুদ চার্জ করা যাবে না। আইন বিভাগের দায়িত্বে নিয়োজিত কর্মকর্তাকে ঋণের বিপরীতে দায়েরকৃত মামলার তালিকা অনুযায়ী সুদ চার্জ বন্ধকরনের বিষয়টি নিশ্চিত করতে হবে। ভাউচার পদ্ধতি নিম্নরুপঃ

ডেবিট	বিবরণ	ক্রেডিট
অভিবাসী ঋণ হিসাব (১০০০৪১০০০)		ঋণ ও অগ্রিমের উপর প্রাপ্ত সুদ (৩০০০১১০০১)

ব্যাংকিং সফটওয়ারে ৩১.০৩.২০২০ তারিখে অটো সুদ হিসাবায়ন হবে বিধায় শাখাসমূহ সফটওয়ারের Reports মডিউলে গিয়ে Interest Charge list (Migration Loan) প্রিন্ট করে উপরোল্লিখিত নিয়মে ভাউচার করবে।

৩.০ পূণর্বাসন ঋণ হিসাব ঃ এতদ্‌বিষয়ে পরিচালনা পর্ষদ কর্তৃক অনুমোদিত ঋণ বিতরণ ও পরিচালনা ম্যানুয়াল-এ বর্ণিত গাইডলাইন অনুসরণ করতে হবে। পুনর্বাসন ঋণ যে সময়ে যে হারে প্রদান করা হয়েছিল উক্ত অভিবাসী ঋণের সুদ সেই হারে ফ্লাট হারে হিসাবায়ন করতে হবে। এছাড়া মেয়াদোত্তীরন ঋণের উপর অতিরিক্ত ৩% হারে সুদ হিসাবায়ন করতে হবে। যে সকল ঋণ সম্পূর্ণ আদায় হয়েছে কিন্তু software এ close / বন্ধ করা হয়নি সেই সকল ঋণ ৩১.০৩.২০২০ তারিখের মধ্যে close account এ যেয়ে অবশ্যই বন্ধ করতে হবে। যে সকল ঋণের বিপরীতে মামলা দায়ের করা হয়েছে এবং Bad & Loss ঋণ সমুহের উপর সুদ চার্জ করা যাবে না। আইন বিভাগের দায়িত্বে নিয়োজিত কর্মকর্তাকে ঋণের বিপরীতে দায়েরকৃত মামলার তালিকা অনুযায়ী সুদ চার্জ বন্ধকরনের বিষয়টি নিশ্চিত করতে হবে। ভাউচার পদ্ধতি নিম্নরুপঃ

ডেবিট	বিবরণ	ক্রেডিট
পূনর্বাসন ঋণ হিসাব (১০০০৪২০০০)		ঋণ ও অগ্রিমের উপর প্রাপ্ত সুদ (৩০০০১১০০২

ব্যাংকিং সফটওয়ারে ৩১.০৩.২০২০ তারিখে অটো সুদ হিসাবায়ন হবে বিধায় শাখাসমূহ সফটওয়ারের Reports মডিউলে গিয়ে Interest Charge list (Rehabilitation Loan) প্রিন্ট করে উপরোল্লিখিত নিয়মে ভাউচার করবে।

পরবর্তী পৃষ্ঠায় দ্রষ্টব্য

৪.০ অভিবাসন ও পুনর্বসান ঋণের স্থগিত সুদ হিসাব স্থানান্তর ঃ গত ৩০.০৬.২০১৬ তারিখ হতে ৩১.১২.২০২০ তারিখ পর্যন্ত যে সকল ঋণ হিসাব শ্রেণীকৃত হয়েছে সেই সকল ঋণ হিসাব হতে সুদ বাবদ যে পরিমাণ অর্থ Interest Suspense/স্থগিত সুদ হিসাবে অন্তর্ভুক্ত আছে সংশ্লিষ্ট শ্রেণীকৃত ঋণ হিসাব সমূহ হতে উক্ত পরিমাণ বা তার আংশিক পরিমাণ অর্থ বিগত সময়ে আদায় করা হলে সেই অর্থ শ্রেণীকৃত সময়ে জমাকৃত স্থগিত সুদ হিসাব/Interest Suspense হতে সুদ আয় খাতে ৩১.০৩.২০২০ তারিখের মধ্যে সুদ চার্জ হওয়ার পূর্বে স্থানান্তর নিশ্চিত করতে হবে। সেক্ষেত্রে অভিবাসন ও পুনর্বাসন ঋণ হিসাবের স্থগিত সুদ হিসাব স্থানান্তরের পোস্টিং ও ভাউচার প্রস্তুত নিয়মাবলী নিম্নে দেওয়া হলো:

ডেবিট	বিবরণ	ক্রেডিট
অভিবাসন ঋণ স্থগিত সুদ হিসাব (200050201) Migration Loan		অভিবাসন ঋণের সুদ হতে আয় (300011001) Interest on Migration Loan
পুনর্বাসন ঋণ স্থগিত সুদ হিসাব (200050202) Rehabilitation Loan		পুনর্বাসন ঋণের সুদ হতে আয় (300011002) Interest on Rehabilitation Loan

৫.০ দৈবচয়ন ভাবে প্রত্যেক প্রকার ঋণের কমপক্ষে ০৫ (পাঁচ)টি করে ঋণ হিসাব স্থিতির উপর সুদ ম্যানুয়ালী গণনা করত: সফটওয়্যারের আরোপিত সুদের সাথে মিল হয়েছে মর্মে নিশ্চিত হয়ে ভাউচার ছাড় করার জন্য নির্দেশ দেয়া হলো। দু'গণনার মধ্যে গড়মিল পরিলক্ষিত হলে সকল ঋণ হিসাব ম্যানুয়ালী গণনা করে সুদ আরোপ করতে হবে এবং প্রধান কার্যালয়ের ঋণ বিভাগকে অবহিত করতে হবে।

এ বিষয়ে স্ব স্ব শাখা ব্যবস্থাপকগণ উপরোক্ত বিষয়টি নিশ্চিত করবেন।

25/03/2020

(সজীব সরকার, এফসিএ)
এভিপি ও বিভাগীয় প্রধান
কেন্দ্রীয় হিসাব বিভাগ

সদয় অবগতির ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ

১. ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা;
২. উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা;
৩. মহাব্যবস্থাপকদের দপ্তর, প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা;
৪. বিভাগীয় প্রধান (সকল), প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৫. শাখা ব্যবস্থাপক (সকল), প্রবাসী কল্যাণ ব্যাংক;
৬. আইটি বিভাগ, প্রবাসী কল্যাণ ব্যাংক প্রধান কার্যালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৭. অফিস কপি।